২০১৮ সালের নিউ ইয়র্ক কংগ্রেসনাল প্রাইমারী নির্বাচনের প্রার্থীদের উপর জরিপ
কংগ্রেসনাল ডিস্ট্রিক্ট ১৪

APAVOICE
ASIAN PACIFIC AMERICANS VOTING & ORGANIZING TO INCREASE CIVIC ENGAGEMENT

(ছবি সূত্র: https://www.facebook.com/Ocasio2018/)

আলেকজান্দ্রিয়া ওকাসিও কোর্টেজ, ডেমোক্রেটিক পার্টি

শিক্ষা

প্রশ্ন: আপনি নির্বাচিত হলে ঐতিহাসিকভাবে গোষ্ঠীগত ও আর্থ-সামাজিকভাবে বিভক্ত স্কুলগুলোতে বৈচিত্রতার (ডাইভারসিটি) উদ্যোগে আপনার অবস্থান কী হবে? ফেডারেল অর্থায়নে পরিচালিত কর্মসূচিতে এবং/অথবা নীতিমালাকে প্রভাবিত করতে আপনি কী পদক্ষেপ গ্রহণ করবেন?

উত্তর: আমি যে শুধু ডাইভার্সিটি উদ্যোগ সমর্থন করি তা নয়, আমি আরো বিশ্বাস করি যে, আমাদের স্কুলগুলোকে অবশ্যই পরিপূর্ণভাবে অর্থায়ন করতে হবে। বর্তমানে সমগ্র দেশে যে স্কুল ব্যবস্থা চালু রয়েছে তাতে জিপ কোডের মাধ্যমে সেখানকার পাবলিক স্কুলগুলোর শিক্ষার মান যাচাই করা হয়, যা সম্পূর্ণ ভুল। আমি বিশ্বাস করি যে, এটি ফেডারেল সরকারের দায়িত্ব অর্থায়নে যে ভারসাম্যহীনতা আছে তা সামঞ্জস্যপূর্ণ করা। আমাদের সমাজে ফেডারেল সরকারের ভূমিকা হচ্ছে আমাদের দেশের প্রতিটি ব্যক্তিকে তাদের শ্রেনী বা গোত্র বা লিঙ্গ নির্বিশেষে সকলের সুন্দর জীবনের নিশ্চয়তা প্রদান করা। আমি নির্বাচিত হলে আমি টাইটেল গ্রান্ট, বিশেষ করে টাইটেল-১ ও টাইটেল-২ গ্রান্ট সম্প্রসারণ করার জন্য লড়াই করবো এবং কোন স্কুলে যাতে সম্পদের ঘাটতিতে না পড়ে তা নিশ্চিত করতে ব্যাপক আইন প্রণয়নের জন্য লড়বো।

আগ্নেয়াস্ত্র নিয়ন্ত্রণ

প্রশ্ন: আগ্নেয়াস্ত্র নিয়ন্ত্রণে আপনার অবস্থার কী এবং আপনি যদি নির্বাচিত হন, তাহলে আপনি সুনির্দিষ্টভাবে কোন্ নীতিমালা বাস্তবায়নের পক্ষে থাকবেন?

উত্তর: আমি বিশ্বাস করি যে সংবিধানের দ্বিতীয় সংশোধনী কাউকে যুদ্ধাস্ত্র বহনের অধিকার দেয়নি। আমি অ্যাসল্ট অস্ত্র নিষিদ্ধ করা, গুলি মজুত নিষিদ্ধ করা এবং অন্যান্য সাধারণ বোধসম্পন্ন আগ্নেয়াস্ত্র আইনের সংস্কারের সমর্থক। আমি এটাও বিশ্বাস করি যে, আগ্নেয়াস্ত্রের লবিষ্ট বা প্রাইভেট ইক্যুইটি প্রতিষ্ঠান, যারা আগ্নেয়াস্ত্র শিল্পের মালিকের স্বার্থের সাথে সংশ্লিষ্ট তারাসহ কোন কর্পোরেশনের নিকট থেকে অর্থ গ্রহণ বা লবিষ্ট – তাদেরকে সরকারি কোন দায়িত্ব পালনের অযোগ্য ঘোষণা করা উচিত। এই নির্বাচনে আমিই একমাত্র প্রার্থী, যিনি কর্পোরেট PAC বা লবিষ্টের অর্থ গ্রহণ না করার শপথ নিয়েছেন, যাতে আপনারা আমার উপর বিশ্বাস স্থাপন করতে পারেন যে, আমি কর্পোরেট স্বার্থের সহায়তা করার পরিবর্তে আমার নির্বাচনী ডিস্ট্রিক্টের জনগণের জন্য লড়বো। আগ্নেয়াস্ত্র লবি আমাদের নীতিকে বিকৃত ও অস্বাভাবিক করে তুলেছে এবং লক্ষ লক্ষ মানুষের মৃত্যুর কারণ ঘটিয়েছে। এটি এখন অবশ্যই বন্ধ করতে হবে।

স্বাস্থ্যসেবা

প্রশ্ন: ইমিগ্রান্টদের চিকিৎসা সেবার জন্য অর্থমূল্য আরোপ নিয়ে সম্প্রতি যে আলোচনা চলছে তার পরিপ্রেক্ষিতে নিউইয়র্কের ইমিগ্রান্টদের বর্তমানে চালু চিকিৎসা সেবা অব্যাহত রাখা নিশ্চিত করার জন্য আপনি কী পদক্ষেপ গ্রহণ করবেন?

উত্তর: সকলের জন্য উন্নত চিকিৎসা সেবা সম্প্রসারণের আমি একজন একগুয়ে সংগ্রামী। স্বাস্থ্য সেবা মানুষের অধিকার। বিশ্ব ইতিহাসের সম্পদশালী দেশগুলোর প্রতিটি অধিবাসীকে স্বাস্থ্য সেবা প্রদান না করা নৈতিকভাবে ভুল। এই অধিকার ইমিগ্রান্টদের ক্ষেত্রে সম্প্রসারিত হওয়া উচিত। আমি অর্থের বিনিময়ে চিকিৎসা সেবা লাভ সম্পর্কিত ট্রাম্পের নতুন নীতির আমি সম্পূর্ণ বিরোধী। ট্রাম্পের এই নীতি ইমিগ্রান্টদের মধ্যে ভীতি সঞ্চারের জন্য বর্তমান প্রশাসনের আরেকটি হাতিয়ারে পরিণত হবে। আমাদের নাগরিকদের এবং আমেরিকান স্বপ্ন পূরণের আশায় যারা আমাদের সীমান্তে আসে তাদের সেবা দেয়ার জন্য জাতি হিসেবে আমাদের পর্যাপ্তের চেয়েও বেশি সম্পদ আছে। আমাদের চিন্তা করা উচিত যে আমাদের কমিউনিটিগুলোকে আরো বিভক্ত করার পরিবর্তে এই সম্পদ কাজে লাগিয়ে আমরা কিভাবে প্রত্যেকের জীবনকে আরো উন্নত করতে পারি।

ইমিগ্রেশন

প্রশ্ন: ইমিগ্রেশন নীতিতে সাম্প্রতিককালে যেসব পরিবর্তন আনা হয়েছে এবং যেসব পরিবর্তনের জন্য প্রস্তাব আনা হয়েছে, সেই আলোকে আপনি কী বিদ্যমান ইমিগ্রেশন নীতি সংরক্ষণের পক্ষে থাকবেন?

উত্তর: আমি বিশ্বাস করি যে, আমাদের ইমিগ্রান্ট কমিউনিটির উপর আক্রমণ মোকাবেলার সর্বোত্তম পন্থা হচ্ছে ব্যাপক ও সাহসিকতাপূর্ণ আইন উপস্থাপন। আমি নির্বাচিত হলে প্রথম দিন থেকে আমার লড়াই হবে ICE(আই.সি.ই)'কে নিষিদ্ধ করা, যে এজেন্সির সৃষ্টি হয়েছে ২০০৩ সালে এবং এই এজেন্সির মৃত্যু ও যৌন হয়রানির দীর্ঘ ইতিহাস রয়েছে। আমি 'ড্রিম অ্যাক্ট' পাস করা এবং ব্যাপকভিত্তিক ইমিগ্রেশন রিফর্ম আইন পাস করার জন্য লড়বো, যা আনডকুমেন্টেড ইমিগ্রান্টদের জন্য সিটিজেনশিপের সুস্পষ্ট পথ সৃষ্টি করবে। আমি এইচ-১বি ভিসা কর্মসূচির উপর ট্রাম্পের বিধিনিষেধের পরিসমাপ্তি ঘটাবো এবং এইচ-১বি ভিসাধারীদের স্বামী বা স্ত্রীদের ওয়ার্ক পারমিট পুনরায় চালু করবো। এই নীতির কারণে হাজার হাজার স্বামী বা স্ত্রী হঠাৎ করেই নিজেদেরকে আমাদের দেশে কাজ করার অযোগ্য হিসেবে দেখতে পেয়েছে এবং এর অর্থনৈতিক পরিণতি বিপর্যয়কর।

আদমশুমারি

প্রশ্ন: প্রতিনিধিত্বে ঘাটতি রয়েছে এমন এবং দুর্বল কমিউনিটিগুলোর যথাযথ প্রতিনিধিত্ব নিশ্চিত করতে ২০২০ সালের জরিপে আপনি কী পদক্ষেপ নিবেন বা গ্রহণ করবেন?

উত্তর: এই নির্বাচনী ডিস্ট্রিক্ট সারা দেশের জাতিগোষ্ঠীতে বৈচিত্রপূর্ণ ডিস্ট্রিক্টগুলোর মধ্যে অন্যতম। আদমশুমারিতে আমাদের কমিউনিটি সম্পর্কিত সঠিক তথ্য উপাত্ত না থাকায় আমাদের দুর্বল কমিউনিটিগুলোর জন্য সরকারি সম্পদ বরাদ্দের ক্ষেত্রে সমস্যার সৃষ্টি হয়। এই ডিস্ট্রিক্টের একজন প্রতিনিধি হিসেবে আমি আমার ডিস্ট্রিক্টের প্রান্তিক কমিউনিটিগুলোকে তাদের নিজেদের অধিকার প্রতিষ্ঠায় সোচ্চার করার লক্ষ্যে প্রচেষ্টা চালাবো। ব্রঙ্কস ও কুইন্সে আমরা প্রথমেই দেখতে পাই যে, "এশিয়ানরা" কত বৈচিত্রময় এবং তা সত্বেও আদমশুমারিতে এশিয়ানদেরকে একটি 'ব্লক' বা জনগোষ্ঠী হিসেবে বিবেচনা করা হয়। এটি পুরোপুরিই অর্থহীন একটি ব্যাপার। ২০২০ সালের আদমশুমারিতে স্বল্প প্রতিনিধিত্বশীল কমিউনিটিগুলোর প্রতিনিধিত্ব নিশ্চিত করার লক্ষ্যে আমি লড়বো।

দ্রষ্টব্য: ২০১৮ সালের নিউইয়র্ক কংগ্রেসনাল প্রাইমারী নির্বাচনে প্রার্থীদের উপর APA VOICE (ভোটিং এন্ড অর্গানাইজিং টু ইনক্রিজ সিভিক এনগেজমেন্ট) কর্তৃক পরিচালিত এই জরিপের উদ্দেশ্য সম্পূর্ণ তথ্যমূলক। সংশ্লিষ্ট কংগ্রেসনাল ডিস্ট্রিক্টের প্রার্থীদের সাথে ইমেইলে যোগাযোগ করা হয়েছে এবং প্রত্যেককে একই প্রশ্ন সরবরাহ করা হয়েছে। প্রতিটি প্রশ্নের উত্তরের জন্য নির্ধারিত ছিল ১২০টি করে শব্দ এবং উত্তর দেয়ার জন্য এক সপ্তাহ সময় দেয়া হয়েছিল। যেসব প্রার্থী নির্ধারিত সময়সীমার মধ্যে সাড়া দেননি তাদের ক্ষেত্রে "*" চিহ্ন দেয়া হয়েছে এবং তাদের অবস্থান সম্পর্কে তথ্য গ্রন্থিত হয়েছে সবার জন্য উন্মুক্ত এরকম সূত্র থেকে। APA VOICE একটি নিরপেক্ষ প্রতিষ্ঠান এবং এটি কোন রাজনৈতিক দল বা প্রার্থীর সমর্থক নয়।

২০১৮ সালের নিউ ইয়র্ক কংগ্রেসনাল প্রাইমারী নির্বাচনের প্রার্থীদের উপর জরিপ
কংগ্রেসনাল ডিষ্ট্রিক্ট ১৪

APAVOICE
ASIAN PACIFIC AMERICANS VOTING & ORGANIZING TO INCREASE CIVIC ENGAGEMENT

(ছবি সূত্র: https://www.facebook.com/repjoecrowley/)

জোসেফ ক্রাউলি, ডেমোক্রেটিক পার্টি

শিক্ষা

প্রশ্ন: আপনি নির্বাচিত হলে ঐতিহাসিকভাবে গোষ্ঠীগত ও আর্থ-সামাজিকভাবে বিভক্ত স্কুলগুলোতে বৈচিত্রতার (ডাইভারসিটি) উদ্যোগে আপনার অবস্থান কী হবে? ফেডারেল অর্থায়নে পরিচালিত কর্মসূচিতে এবং/অথবা নীতিমালাকে প্রভাবিত করতে আপনি কী পদক্ষেপ গ্রহণ করবেন?

উত্তর: কার শরীরের বর্ণ কী অথবা কে কোন্ এলাকায় বাস করে তা বিবেচনা না করে আমাদেরকে অবশ্যই প্রতিটি শিশুর মানসম্পন্ন শিক্ষার সুযোগ লাভ নিশ্চিত করতে হবে। অন্য যে কোন স্থানের তুলনায় নিউইয়র্ক সিটিতে এর গুরুত্ব অধিক। কারণ নিউইয়র্ক সিটি দেশের অন্য যে কোন স্থানের চাইতে অধিক সংখ্যক জাতিগোষ্ঠীতে বৈচিত্রময় লোকজনের বসবাস। দশকের পর দশক ধরে ফেডারেল সরকার এলিমেন্টারি এন্ড সেকেন্ডারি এডুকেশন অ্যাক্ট এবং টাইটেল-আই কর্মসূচির মত গুরুত্বপূর্ণ আইনের মাধ্যমে দেশে সমপর্যায়ের শিক্ষাব্যবস্থা এগিয়ে নিয়ে যেতে সচেষ্ট রয়েছে। কিন্তু এই কর্মসূচিগুলোতে অর্থায়ন অপর্যাপ্ত হওয়ায় প্রতিটি শিক্ষার্থীর চাহিদা পূরণের জন্য যে অর্থ প্রয়োজন স্কুলগুলো তা পাচ্ছে না। তাছাড়া সুবিধাবঞ্চিত তরুণদের কঠোর পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রস্তুত করতে সাহায্য করার জন্য টিউটোরিং বা প্রশিক্ষণ কর্মসূচিতেও আমাদের অর্থায়ন বৃদ্ধি করতে হবে। পাবলিক এডুকেশনের জন্য তহবিল বৃদ্ধি করার লক্ষ্যে আমি আমার লড়াই অব্যাহত রাখবো এবং নাগরিক অধিকার নীতি, যা আমাদের শিক্ষা বিষয়ক আইনের ভিত্তি তা রক্ষার জন্য কাজ করবো।

আগ্নেয়াস্ত্র নিয়ন্ত্রণ

প্রশ্ন: আগ্নেয়াস্ত্র নিয়ন্ত্রণে আপনার অবস্থাণ কী এবং আপনি যদি নির্বাচিত হন, তাহলে আপনি সুনির্দিষ্টভাবে কোন্ নীতিমালা বাস্তবায়নের পক্ষে থাকবেন?

উত্তর: আমাদের পরিবার এবং কমিউনিটিকে নিরাপদ রাখার জন্য আগেয়াস্ত্র নিরাপত্তা আইন প্রণয়ন করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। অ্যাসল্ট রাইফেল নিষিদ্ধকরণ পুনরায় কার্যকর করা, গুলির মজুত নিষিদ্ধকরণ, ব্যাকগ্রাউন্ড চেক করার ক্ষেত্রে বিপজ্জনক ত্রুটিসমূহ দূর করা এবং বিপজ্জনক অপরাধীদের হাত থেকে আগ্নেয়াস্ত্র দূরে রাখার উদ্যোগের আমি প্রবল সমর্থক।

কান্ডজ্ঞানহীন আগ্নেয়াস্ত্রের সহিংস প্রয়োগের ফলে অসংখ্য পরিবার ও জীবন তছনছ হয়ে গেছে – যে সহিংসতা পুরোপুরি এড়ানোর যোগ্য। কংগ্রেসে রিপাবলিকান নেতারা যদি তাদের সাধারণ বোধশক্তি কাজে লাগিয়ে হাউজে ভোটের জন্য আগ্নেয়াস্ত্র নিরাপত্তা বিল আনতেন, তাহলে আজই আমরা এ আইন পাস করতে পারতাম। ২০১৮ সালে যখন ডেমোক্রেটরা হাউজে সংখ্যাগরিষ্ঠ হবে আমরা এ আইন প্রণয়নকে সর্বোচ্চ অগ্রাধিকার দেবো।

স্বাস্থ্যসেবা

প্রশ্ন: ইমিগ্রান্টদের চিকিৎসা সেবার জন্য অর্থমূল্য আরোপ নিয়ে সম্প্রতি যে আলোচনা চলছে তার পরিপ্রেক্ষিতে নিউইয়র্কের ইমিগ্রান্টদের বর্তমানে চালু চিকিৎসা সেবা অব্যাহত রাখা নিশ্চিত করার জন্য আপনি কী পদক্ষেপ গ্রহণ করবেন?

উত্তর: আমি বিশ্বাস করি যে, চিকিৎসা সেবা সকলের অধিকার, এটি শুধুমাত্র কিছুসংখ্যক লোকের জন্য সুবিধা নয়। প্রতিটি ব্যক্তি, ইমিগ্রান্ট হোক বা অন্য যে কেউ হোক, তাদের প্রয়োজনীয় চিকিৎসা সেবা এবং সমাজ সেবার সুবিধা পাওয়া উচিত শাস্তির ভীতি ছাড়াই। সরকারের বিভিন্ন স্বাস্থ্যসেবা কর্মসূচিতে ইমিগ্রান্টদের অংশগ্রহণের সুযোগ নিশ্চিত করার ক্ষেত্রে নিউইয়র্কের ভূমিকা নেতৃস্থানীয়। এমনকি ফেডারেল পর্যায়ে যেসব বিধিনিষেধ আছে তা দূর করার জন্য আমরা যেভাবে লড়াই করি, একইভাবে স্টেটগুলো যাতে তাদের জনগোষ্ঠীকে রক্ষা করতে সক্ষম হয় সেজন্য আমি আমার প্রচেষ্টা চালিয়ে যাব। প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা লাভের সুযোগ থেকে ইমিগ্রান্টদেরকে নিরুৎসাহিত করার উদ্দেশ্যে ফেডারেল পর্যায়ে অযৌক্তিভাবে স্বাস্থ্যসেবার উপর অর্থমূল্য ধার্য করার উদ্যোগের বিরোধিতা করবো আমি।

ইমিগ্রেশন:

প্রশ্ন: ইমিগ্রেশন নীতিতে সাম্প্রতিককালে যেসব পরিবর্তন আনা হয়েছে এবং যেসব পরিবর্তনের জন্য প্রস্তাব আনা হয়েছে, সেই আলোকে আপনি কী বিদ্যমান ইমিগ্রেশন নীতি সংরক্ষণের পক্ষে থাকবেন?

উত্তর: আমাদের কমিউনিটি প্রেসিডেন্ট ট্রাম্পের অমানবিক ইমিগ্রেশন নীতির হামলার মুখে পড়েছে। আমেরিকানদের ধারণ করা প্রতিটি মূল্যবোধ থেকে তিনি সরে গিয়েছেন এবং আমাদের কমিউনিটিগুলোর নিরাপত্তাকে ঝুঁকির মধ্যে ফেলেছেন। এটি সম্পূর্ণ অগ্রহণযোগ্য। আমাদের প্রয়োজন ব্যাপকভিত্তিক ইমিগ্রেশন রিফর্ম, ‘ড্রিমারদের জন্য সিটিজেনশিপের পথ নিশ্চিত করা, বিপর্যস্ত দেশগুলো থেকে আগত ব্যক্তিদের জন্য ‘টেম্পোরারি প্রটেকটেড ষ্ট্যাটাস’ সম্প্রসারণ করা এবং পরিবারকে বিভক্ত করার জন্য ট্রাম্প প্রশাসনের অমানবিক আচরণ পাল্টে দেয়া। দীর্ঘকাল ধরেই আমাদের ইমিগ্রেশন ব্যবস্থার মূল ভিত্তি ছিল পরিবারের অখন্ডতা নিশ্চিত করা এবং বিশ্বের লক্ষ লক্ষ মানুষকে সুযোগ লাভের আশা জাগানো। আমি পরিবার ভিত্তিক ইমিগ্রেশন ব্যবস্থা পরিহারের যে কোন উদ্যোগের অথবা দক্ষ ইমিগ্রান্টদের ইমিগ্রেশন সুবিধায় বিধিনিষেধ আরোপের প্রবল বিরোধিতা করব।

আদমশুমারি

প্রশ্ন: প্রতিনিধিত্বে ঘাটতি রয়েছে এমন এবং দুর্বল কমিউনিটিগুলোর যথাযথ প্রতিনিধিত্ব নিশ্চিত করতে ২০২০ সালের জরিপে আপনি কী পদক্ষেপ নিয়েছেন বা গ্রহণ করবেন?

উত্তর: কমিউনিটিগুলোকে ভালোভাবে বুঝতে এবং দেশের চাহিদা পূরণের লক্ষ্যে নীতি গ্রহণ করার ক্ষেত্রে জনসংখ্যা সংক্রান্ত তথ্য নীতি প্রণয়নকারীদের জন্য অতীব প্রয়োজনীয়। আদমশুমারির ক্ষেত্রে আপনাকে যদি গণনা না করা হয়, তাহলে আমাদের সরকারের চোখে আপনার অস্তিত্ব বিরাজ করে না। নিউ ইয়র্ক সিটির অধিবাসীদের জন্য ২০২০ সালের আদমশুমারি হবে অত্যন্ত গুরুতর। আমি ট্রাম্প প্রশাসনের কাছে দাবী জানিয়েছি ২০২০ সালের আদমশুমারির জন্য পর্যাপ্ত লোকবল নিয়োগের লক্ষে সেন্সাস ব্যুরোকে অধিকতর সম্পদ বরাদ্দ করতে। ট্রাম্প প্রশাসন লেসবিয়ান, গে, বাইসেক্সুয়াল এবং ট্রান্সজেন্ডার ব্যক্তিদের উপর ডাটা সংগ্রহ করবেনা মর্মে খবর জানার পর আমি সবাইকে সতর্ক করার চেষ্টা করছি, কারণ এ ধরণের উদ্যোগের ফলে ওইসব কমিউনিটির সদস্যরা অদ্ভুত ও বিপজ্জনক চ্যালেঞ্জের মুখে পতিত হবে।